PG Even Semester (CBCS) Exam., May—2017

বাংলা

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–401

(স্বাধীনতা পরবর্তী বাংলা কবিতা)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'কবিতার বহুস্বর' গ্রন্থটির রচয়িতা কে? কবি সুভাষ মুখোপাধ্যায়ের মায়ের নাম কী? ''কবি সুভাষ মুখোপাধ্যায়ের আত্মবীক্ষা ও জগৎবীক্ষা অভিন্ন, দ্বিবাচনিক প্রক্রিয়ায় অন্যোন্য-সম্পৃক্ত।'' মন্তব্যটির আলোকে কবি সুভাষ মুখোপাধ্যায়ের কাব্যরূপের পরিচয় দাও। ১+১+১২=১৪

২। কত খ্রিস্টাব্দে, কোন্ কাব্যগ্রন্থের জন্যে সুভাষ মুখোপাধ্যায় জ্ঞানপীঠ পুরস্কার লাভ করেন? ''সুভাষ মুখোপাধ্যায় যে জাতের কবি তাঁরা মানুষের চেয়ে কবিতাকে বেশি দাম দিতে নারাজ। কবিতা তাঁদের জীবনোপলব্ধি ঘটানোর উপায় নয়, কবিতা তাঁদের হাতে জীবন প্রতিষ্ঠার অস্ত্র।'' উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। শঙ্খ ঘোষ কত সালে, কোথায় জন্মগ্রহণ করেছিলেন? শঙ্খ ঘোষের কবিতায় সময়-চেতনার যে পরিচয় পাওয়া যায় তা প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো। ২+১২=১৪

৪। শঙ্খ ঘোষ সাহিত্য আকাদেমী পুরস্কারে সম্মানিত হয়েছেন কত সালে? ''স্বাধীনতা পরবর্তী সময়ের বিশৃঙ্খল পরিবেশ, অভাব অনটন, প্রকৃতির প্রতিকূলতার মধ্যেও কবি ভেঙে পড়েননি, বিদ্রোহ করেননি, বরঞ্চ বেঁচে ওঠার আলো দেখিয়েছেন তাঁর 'দিনগুলি-রাতগুলি' কাব্যগ্রন্থে।'' মন্তব্যটি প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। শক্তি চট্টোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ কবিতা' কাব্যগ্রন্থের প্রথম প্রকাশকাল কত? ''শক্তি চট্টোপাধ্যায়ের কবিতায় জীবন গ্লানিময়; সেখানে ক্লান্ত ছবি ম্লান ছায়া ফেলেছে। দৈনন্দিন সমস্যা, ব্যর্থতার কান্না নিপুণভাবে তাঁর কাব্যে প্রকাশ পেয়েছে—যেখানে মানুষের নিঃসঙ্গতা, নির্জনতা বাসা বেঁধে আছে। এই নির্জনতার মধ্যে দুটো দিক আছে, একটা নিজের সঙ্গে নিজের, অপরটা নিজের সঙ্গে অপরের।'' প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১+১৩=১৪

৬। শক্তি চট্টোপাধ্যায় কবে সাহিত্য আকাদেমি পুরস্কার পেয়েছিলেন? ''শক্তি চট্টোপাধ্যায় বাংলা কাব্যে যে জন্যে স্বতন্ত্র সেটা তাঁর শব্দচয়ন ও ভাষা-প্রয়োগ। তাঁর কাব্যভাষা প্রতীকের বহুমাত্রিকতায় যতটুকু চেতনার, ততটুকুই অবচেতনারও। মগ্ন চৈতন্যে ডুব দিয়ে কুড়িয়ে আনা মণিমুক্তো আর সূক্ষ্মদৃষ্টিই শক্তির কবিতাকে তীক্ষ্ণ, ঋজু, নির্ভিক ও সপ্রতিভ করেছে।'' পঠিত কবিতা থেকে উদাহরণ সহযোগে শক্তি চট্টোপাধ্যায়ের কাব্যভাষা সম্পর্কে আলোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। শামসুর রাহমানের শ্রেষ্ঠ কবিতার অন্তর্ভুক্ত প্রথম ও শেষ কাব্যগ্রন্থের নাম লেখো। ''শব্দমুখরতা আর চকিত দৃশ্যাবলী যদিও শামসুরের প্রার্থিত, কিন্তু সব মিলিয়ে বাঙালি, বাংলাদেশ ও বাংলা ভাষার জন্য তাঁর আকুতি ঝরে পড়ে তাঁর কবিতায়।'' পাঠ্যগ্রন্থ অবলম্বনে বক্তব্যটি পর্যালোচনা করো। ২+১২=১৪

৮। হুমায়ুন আজাদ শামসুর রাহমানকে কি আখ্যা দিয়েছেন? ''ব্যক্তিসত্তাকে সমষ্টিসত্তার সঙ্গে মেলাতে মেলাতে সময়ের প্রকৃত চিহ্নায়ক খুঁজে নিতে তৎপর ছিলেন তিনি। সর্বক্ষেত্রে তিনি সফল নন হয়তো ; কিন্তু একথা স্বীকার করে নিতেই হয় যে শামসুর রাহমান অদ্বিতীয় সময়প্রহরী।'' সমালোচকের এই মন্তব্যের যাথার্থ্য নিরূপণ করো। ১+১৩=১৪

ঙ—গুচ্ছ

৯। কবি জয় গোস্বামীর জন্ম তারিখ ও জন্ম সাল কত? ''জয় গোস্বামীর কবিতা তাঁর মাথা তুলবার, বেঁচে ওঠবার, ভালবাসার অনন্য অবলম্বন। তিনি মানেন, স্বপ্নের মতো কবিতাতেও সমস্তই সম্ভব। তবু, কবিতার জগৎ শুধু স্বপ্নেরই জগৎ নয়। কবিতা কবির ব্যাপ্ত, বিশাল আত্মজীবনী। সময় সে-আত্মজীবনীর অনাদি চালচিত্র। একেকটি কবিতা আত্মজীবনীর একেকটি পৃষ্ঠা।'' পঠিত কবিতা অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

১০। জয় গোস্বামীর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম কী? কবি জয় গোস্বামীর কবিতায় প্রেম-চেতনার স্বরূপ নির্ণয় করো। ১+১৩=১৪

★★★